

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 06.12.2024**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) কুলতলিতে চতুর্থ শ্রেণীর শিশু ধর্ষণ ও খনে বারংইপুর পকসো আদালত আজ ফাঁসির সাজা ঘোষণা করেছে। মুখ্যমন্ত্রী এই রায়কে স্বাগত জানিয়ে বলেছেন, মহিলাদের বিরুদ্ধে যে কোনোরকম অপরাধ হলে রাজ্য সরকার তা বরদান্ত করবে না।
- ২) পানীয় জল প্রকল্পে জমি জট কাটাতে মুখ্যসচিব আজ ডিভিসি, রেল-সহ বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার সঙ্গে বৈঠক করেন।
- ৩) বিকল্প শক্তি ব্যবহারে উৎসাহ দিতে রাজ্য সরকার আরও এক হাজার ক্ষুলের ছাদে সৌর প্যানেল বসানোর সিদ্ধান্ত নিয়েছে।
- ৪) ভারতীয় সেনা এবছর ১৬ই ডিসেম্বরেও ৭১ এর যুদ্ধ জয়ের স্মরণে বিজয় দিবস পালন করবে। কিন্তু বাংলাদেশ থেকে তাতে সেনাবাহিনীর প্রতিনিধি বা মুক্তিযোদ্ধারা অংশ নেবেন কিনা, তা এখনও স্থির হয়নি বলে সেনাবাহিনীর তরফে জানানো হয়েছে।
- ৫) সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ ভারতীয় সংবিধানের রূপকার বাবা সাহেব আমবেদকারের প্রয়াণ দিবসে নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে।
- ৬) জম্মুতে কোচবিহার ট্রফি ক্রিকেটের প্রথম দিনে বাংলার বিরুদ্ধে জম্মু কাশ্মীর ২ উইকেটে ৩০৭ রান করেছে।

দক্ষিণ ২৪ পরগনার কুলতলির মহিষমারি এলাকায়, চতুর্থ শ্রেণীর শিশুর ধর্ষণ ও খুনে বারুইপুর পকসো আদালত আজ ফাঁসির সাজা ঘোষণা করেছে। অভিযুক্ত মুসতাকিন সর্দারকে গতকালই দোষী সাব্যস্ত করা হয়। ঘটনায় মুসতাকিন একমাত্র অভিযুক্ত ছিল।

উল্লেখ্য, গত চৌর্থ অক্টোবর চতুর্থ শ্রেণির ওই ছাত্রী টিউশন পড়তে বেরিয়ে আর বাড়ি ফেরেনি। স্থানীয় মহিষমারি পুলিশ ফাঁড়িতে অভিযোগ জানানো হলেও পুলিশ কোন উদ্যোগ নেয়নি বলে অভিযোগ। ঐদিন গভীর রাতে বাড়ি থেকে বেশ কিছুটা দূরে ধান জমিতে মেলে ওই ছাত্রীর দেহ। ঘটনার প্রতিবাদে এলাকার মানুষ ক্ষেত্রে ফেটে পড়েন। মহিষমারি পুলিশ ফাঁড়ি ভাঙচুর, আগুন লাগিয়ে দেয় উভেজিত জনতা। আরজিকর কাণ্ডের আবহে কয়েকদিন ধরে চলে প্রতিবাদ বিক্ষোভ। পুলিশ প্রথমে খুনের মামলা রঞ্জু করে। পরে পকসো ধারা যোগ করা হয়। ঘটনার ৬১ দিনের মাথায় এই সাজা ঘোষণা করা হল। সরকারি আইনজীবী বিভাস চট্টোপাধ্যায় বললেন,

### বাইট

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই রায়কে স্বাগত জানিয়ে বলেছেন, মহিলাদের বিরুদ্ধে কোন অপরাধ সংগঠিত হলে রাজ্য সরকার তা কোনোভাবেই বরদাস্ত করবে না। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি, এই ধরনের মামলায় বিলম্ব না করে দ্রুত সঠিক বিচার প্রক্রিয়া সুনিশ্চিত করতে বলেন। দুই মাসের কিছু বেশি সময়ের মধ্যে এই মামলা প্রক্রিয়া শেষ করার ঘটনা রাজ্যের ইতিহাসে অভূতপূর্ব বলে তিনি উল্লেখ করেছেন। মামলার সঙ্গে যুক্ত সমস্ত পুলিশ আধিকারিকদের অভিনন্দনও জানান তিনি।

এদিকে জয়নগরের মহিষমারির ঘটনার ৬১ দিনের মাথায় অভূতপূর্ব দ্রুততায় যেভাবে নির্যাতিতা ও তার পরিবারকে পুলিশ বিচার দিতে পেরেছে সেটাই তাদের কাছে স্বান্তনা ও প্রাপ্তি বলে রাজ্য পুলিশ এক্স হ্যান্ডেলে জানিয়েছে।

বীরভূমের ধনঞ্জয়পুরে গরম ঘুগনির কড়াইয়ে পড়ে দেড় বছরের একটি শিশুর মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। আকসম শেখ নামে বাচ্চাটির মামানুয়ারা বেগম গত সোমবার ঘুগনি রান্না করছিলেন। কড়াইটি উনুন থেকে নামিয়ে পাশের ঘরে তিনি মশলা আনতে যান। সেই সময় হামাগুড়ি দিতে দিতে ঐ কড়াইয়ে পড়ে যায় আকসম। ৯০ শতাংশ অগ্নিদণ্ড এ শিশুকে প্রথমে স্থানীয় হাসপাতাল, তারপর রামপুরহাট মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হওয়ায় স্থানান্তরিত করা হয় বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে। সেখানেই আজ সকালে তার মৃত্যু হয়।

পানীয় জল প্রকল্পে জমি জট কাটাতে মুখ্যমন্ত্রীর নির্দেশের প্রেক্ষিতে মুখ্যসচিব মনোজ পন্থ আজ ডিভিসি, রেল-সহ বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার সঙ্গে বৈঠকে বসেন। রেল, ডিভিসি, ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া, আইও সি এল-সহ বিভিন্ন কেন্দ্রীয় সংস্থা বৈঠকে উপস্থিত ছিলেন বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। বৈঠকে মুখ্য সচিব বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার কাছে দ্রুত সমস্যার সমাধান করার জন্য অনুরোধ জানান। কেন্দ্রীয় সংস্থা গুলির তরফেও দ্রুত সমস্যার সমাধানের আশ্বাস মিলেছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার অসহযোগিতার কারণে রাজ্যের প্রায় ১০ লক্ষ পরিবার বা ৫০ লক্ষ মানুষ জল জীবন মিশন প্রকল্পে বাড়ি বাড়ি পানীয় জলের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। অবিলম্বে ওই সব সংস্থার সঙ্গে বৈঠক করে সমস্যার সামধান করতে তিনি মুখ্যসচিব মনোজ পন্থকে তিনি

নির্দেশ দেন। তারই পরিপ্রেক্ষিতেই আজকের এই বৈঠক। আগামী সোমবার পরবর্তী  
পর্যালোচনা বৈঠকে এই সংক্রান্ত রিপোর্ট মুখ্যমন্ত্রীর কাছে পেশ করা হবে বলেও জানা  
গেছে।

---

বিকল্প শক্তির ব্যবহারে উৎসাহ দিতে রাজ্যের আরও এক হাজার স্কুলের ছাদে  
সৌর প্যানেল বসাবে রাজ্য সরকার। শিক্ষাদপ্তর ইতিমধ্যেই এই বিজ্ঞপ্তি জারি করেছে।  
জেলাগুলির কাছ থেকে উপযুক্ত স্কুলের তালিকা চেয়ে পাঠানো হয়েছে। শর্ত হিসেবে  
বলা হয়েছে, প্রস্তাবিত স্কুল ভবনে ১০০০ বর্গফুট ছায়াবিহীন ছাদ থাকতে হবে। দক্ষিণ  
দিকে বড় কোনও বিল্ডিং বা বড় গাছ থাকলে চলবে না।। কংক্রিটের পোক্ত ছাদ, স্থায়ী  
সিঁড়ি, পর্যাপ্ত জলের ব্যবস্থা আছে এমন স্কুল ভবনে সৌর প্যানেল বসানো যাবে।  
কলকাতা থেকে ৪৫টি এবং দক্ষিণ ২৪ পরগনার ৮৮টি স্কুলকে ইতিমধ্যেই মনোনীত  
করা হয়েছে। এর আগেও ধাপে ধাপে কয়েক হাজার স্কুলে এই সৌরপ্যানেল বসানো  
হয়েছে।

---

বিশেষ ভাবে সক্রম পড়ুয়াদের জন্য স্পেশাল এডুকেটার পদে আড়াই হাজার  
শিক্ষক নিয়োগ করতে চলেছে রাজ্য সরকার। জানা গেছে, উচ্চ প্রাথমিক ও নবম-দশম  
পর্যায়ে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে এই নিয়োগ হবে। রাজ্য মন্ত্রিসভা নিয়োগের  
বিষয়ে ছাড়পত্র দিয়েছে। তবে এই বিশেষ শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে বেশ কিছু শর্ত  
রয়েছে। সাধারণ বিএড প্রার্থীরা এই পদের জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত  
হবেন না। রিহ্যাবিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া অনুমোদিত স্পেশাল এডুকেশনে বিএড

করলে তবেই এই শিক্ষক নিয়োগের প্রক্রিয়ায় অংশ নেওয়া যাবে। এই পদে নিযুক্ত শিক্ষকদের একাধিক স্কুলে ক্লাস করতে হতে পারে বলে খবর।

---

রাজ্য সরকার শান্তনু সেন কে রাজ্য মেডিক্যাল কাউন্সিল থেকে সরিয়ে দিয়েছে। এর আগে তাঁকে দলের মুখ্পত্রের পদ থেকে সরিয়ে দিয়ে তার নিরাপত্তাও প্রত্যাহার করে নেয় রাজ্য সরকার।

অন্যদিকে রাজ্য মেডিকেল কাউন্সিলের সভাপতি, তৃণমূল কংগ্রেস বিধায়ক চিকিৎসক সুদীপ্ত রায় কাউন্সিল থেকে সরকারি প্রতিনিধি হিসাবে শান্তনু সেনকে সরানোর আবেদন জানিয়ে স্বাস্থ্য সচিবকে চিঠি দিয়েছিলেন। উল্লেখ্য আরজি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া কে ধর্ষণ ও খুনের ঘটনায় চিকিৎসকদের আন্দোলনকে সমর্থন করে রাস্তায় নেমেছিলেন শান্তনু বাবু।

---

ভারতীয় সেনা এবছরও ১৯৭১সালের যুদ্ধ জয়ের স্মরণে বিজয় দিবস পালন করবে। এই উপলক্ষে কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তরের মেজর জেনারেল মোহিত শেঠ ১৯৭১সালের যুদ্ধের গৌরবময় ইতিহাসের কথা তুলে ধরেন। তিনি ভারতীয় সেনার সাহসিকতা এবং আত্ম্যাগের কথার স্মরণ করিয়ে দেন। তিনি বলেন, এই যুদ্ধ আধুনিক ভারতের সামরিক ইতিহাস গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

তবে এবারে বিজয় দিবস পালনে বাংলাদেশ থেকে মুক্তিযোদ্ধা বা সেখানকার সেনাবাহিনীর প্রতিনিধিরা অংশ নেবেন কিনা সে বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি বলে শ্রী

শেষ জানিয়েছেন। সাংবাদিক বৈঠকে প্রবীণ সাংবাদিক মানস ঘোষ যুদ্ধের অভিজ্ঞতা তুলে ধরেন।

---

প্রতিবছরের মতো এবছরও বিজেপি আজ শৌর্য দিবস পালন করছে। গোধরা কাণ্ডে নিহত কর সেবকদের স্মৃতির প্রতি শুদ্ধা জানাতে প্রতিবছর এই দিনটি পালন করা হয়। এবছর এই শৌর্য দিবসকে সামনে রেখে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বাংলাদেশে হিন্দুদের ওপর আক্রমণের প্রতিবাদে সন্ত সমাজের এক মিছিলে অংশ নেন। সেখানে তিনি বাংলাদেশের পণ্য বয়কটের ডাক দেন। পাশাপাশি বাংলাদেশে হিন্দুদের ওপর আক্রমণ বন্ধ করা, ইসকনের সন্ধ্যাসীকে নিঃশর্ত মুক্তি এবং এরাজ্যেও সনাতনীদের রক্ষার দাবি জানান তিনি। শ্যামবাজার থেকে শুরু হয়ে সিঁথির মোড়ে এই পদযাত্রা শেষ হয়। মিছিলে গোধরা কাণ্ডে মৃত কর সেবকদের প্রতিও শুদ্ধা জানানো হয়।

অন্যদিকে পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো বাংলাদেশের ঘটনার প্রেক্ষিতে সেখানকার প্রধানমন্ত্রী নোবেল জয়ী মোহাম্মদ ইউনুসের নোবেল পুরস্কার পুনরায় মূল্যায়ন করার দাবী জানিয়েছে। নরওয়ের নোবেল কমিটিকে চিঠি লিখে তিনি এই দাবি জানান।

বাংলাদেশের চট্টগ্রাম ইউনিভার্সিটির অধ্যাপক ডক্টর কুশল বরণ চক্রবর্তীর ওপর হামলার ঘটনায় আজ কালো ব্যাজ পড়ে প্রতিবাদে শামিল হন জলপাইগুড়ির আনন্দ চন্দ্র কলেজের শিক্ষকরা। কলেজের অধ্যক্ষ ডক্টর দেবাশীষ দাশ, চট্টগ্রাম ইউনিভার্সিটির অধ্যাপকের ওপর হামলায় তীব্র প্রতিবাদ ব্যক্ত করেন। বাংলাদেশে দ্রুত শান্তি ফিরে আসার পক্ষে সওয়াল করেন তারা।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভারতীয় সংবিধানের রূপকার বাবা সাহেব আমবেদকারের প্রয়াণ দিবসে তাকে স্মরণ করা হচ্ছে। ভারতের জাতীয়তাবাদী দলিত আন্দোলনের পুরোধা, দার্শনিক, সমাজ সংস্কারক বাবা সাহেব আমবেদকরের প্রয়াণ দিবস টি মহা পরি নির্বাণ দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

বাবা সাহেব আমবেদকরের প্রয়াণ দিবস উপলক্ষে সারা ভারত Scheduled Castes/Tribes and Backward Classes Employees co-ordination Council আজ কলকাতার মহাবোধি সোসাইটির সভা ঘরে বাবা সাহেব এর আমবেদকর পরি নির্বাণ দিবস উদযাপন করে ও দলিত সমাজ শীর্ষক এক সেমিনারের আয়োজন করে। সংগঠনের সাধারণ সম্পাদক সুভাষ মন্ডল বলেন, বাবা সাহেব আমবেদকরের আদর্শের প্রচার মানুষের কাছে তুলে ধরতে সংগঠন নিরন্তর প্রচার চালাচ্ছে।

## বাইট

পশ্চিম বর্ধমানের আসানসোলে আজ বিকেলে বিজেপির পথ অবরোধ ঘিরে তুমুল উত্তেজনার সৃষ্টি হয়। বিজেপি নেত্রী তথা আসানসোল দক্ষিণের বিধায়ক অগ্নিমিত্রা পাল কে কুরুক্ষিকর মন্তব্য করেছেন তৃণমুল নেতা। এর প্রতিবাদে আসানসোলের চিত্রা মোড়ে টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে বিক্ষোভ দেখায় বিজেপি। পথ অবরোধ তুলতে গেলে পুলিশের সংগে বিজেপি কর্মী সমর্থকদের ধ্বন্তাধন্তি হয়। টায়ারের আগুন নেতাতে গেলে বিজেপি কর্মী সমর্থকরা বাধা দেয়। এই ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়ায়। পরে বিক্ষোভকারীদের সরিয়ে দিয়ে পুলিশ অবরোধ তুলে দেয়।

জম্বুতে আজ কোচ বিহার ট্রফি ক্রিকেটের প্রথম দিনে বাংলার বিরুদ্ধে জম্বু ও কাশ্মীর দু উইকেটে ৩০৭ রান করেছে। মেহরাব আহমেদ মির ১২৬ রান করেন। আসিফ মুজাফফর ৮১ রানে অপরাজিত থাকেন। বাংলার পক্ষে বিশাল ভাতি দুটি উইকেট নিয়েছেন।

দিল্লির জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টস, পাঞ্জাব এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য।

পাঞ্জাব ৯ ম্যাচে ১৬, মহামেডান স্পোর্টস ১০ ম্যাচে ১২ পয়েন্ট সংগ্রহ করেছে।